



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩২.২০১৫.৫০৮

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮  
১১ আগস্ট ২০২১

বিষয়: শূন্য ঘোষণাকৃত রাজশাহী সিটি কর্পোরেশনের ৯নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর পদে উপনির্বাচন অনুষ্ঠান।

সূত্র: (ক) রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারক ৪৬.১২.০০০০.০০৩.২৯.৩৪৩.১৮.৯১৬, তারিখ: ২৭/৭/২০২১;  
(খ) এ বিভাগের প্রজ্ঞাপন নম্বর ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩২.২০১৫.৫০৭, তারিখ: ১১ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশনের ৯নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ রেজাউন নবী (দুদু), পিতা: মৃত রইস উদ্দীন আহম্মেদ, মাতা: মৃত মাজেদা খাতুন, ঠিকানা: ডি/৭৭ দরগাপাড়া, জিপিও-৬০০০, বোয়ালিয়া, রাজশাহী এর মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৫(ঙ) মোতাবেক উক্ত পদটি সূত্রস্থ 'খ' প্রজ্ঞাপনমূলে ১১ আগস্ট ২০২১ হতে শূন্য ঘোষণা করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, শূন্য ঘোষণাকৃত উক্ত পদে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৬ অনুযায়ী উপনির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১(এক) ফর্দ।

মোহাম্মদ জহিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৯৫৪৫৪১৬

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

- (১) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- (২) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
- (৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।